[redacted]

[redacted]

[redacted]

[redacted]

এ সময় সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা শহিদুল ইসলাম, মৎস্য অফিসের ক্ষেত্র সহকারী আহসান হাবিবসহ বিভিন্ন ইউনিয়নের মৎস্য চাষীরা উপস্থিত ছিলেন।

কোটচাঁদপুরের নতুন ইউএনও আসাদুজ্জামান

ঝিনাইদহের কোটচাঁদপুর উপজেলার নতুন নির্বাহী অফিসার হিসেবে যোগদান করলেন আসাদুজ্জামান রিপন।

গতকাল মঙ্গলবার (২১ জুলাই) বিকালে উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ে সদ্য বিদায়ী নির্বাহী অফিসার নাজনীন সুলতানা নতুন উপজেলা নির্বাহী অফিসার আসাদুজ্জামান রিপনের কাছে দায়িত্ব বুঝে দেন।

এসময় নবাগত নির্বাহী অফিসারকে ফুলেল শুভেচ্ছা জানান উপজেলা পরিষদ চেয়ারম্যান শরিফুন্নেছা মিকি।

নতুন উপজেলা নির্বাহী অফিসার আসাদুজ্জামান রিপন ২৮তম বিসিএস ক্যাডারের কর্মকর্তা। কোটচাঁদপুরে নির্বাহী অফিসার হিসেবে যোগদানের আগে তিনি জনপ্রশাসন মন্ত্রানালয়ের বিশেষ ভারপ্রাপ্ত কর্মকর্তা (সিনিয়র সহকারি সচিব) আইসিটি ডিভিশনে কর্মরত ছিলেন।

ভাষা সৈনিক সিরাজুল ইসলামের ইন্তেকাল

ভাষা সৈনিক সিরাজুল ইসলাম ইন্তেকাল করছেন (ইন্না লিল্লাহি ওয়া ইন্না ইলাইহি রাজিউন)। আজ বুধবার ভোরে ঢাকায় তাঁর ছেলের বাড়িতে

তিনি ইন্তেকাল করেন।

ভাষা সৈনিক সিরাজুল ইসলামের মরদেহ আজ বিকেলে গ্রামের বাড়ি মেহেরপুরের গাংনী থানার কাজীপুরে নেওয়া হবে। বাদ আছর কাজিপুর কাচারী প্রাঙ্গনে নামাজে জানাজা শেষে পারিবারিক কবরস্থানে চাচাকে সমাহিত করা হবে বলে পারিবারিকভাবে নিশ্চিত করেছেন।

ভাষা সৈনিক সিরাজুল ইসলামের জন্ম ১৯৩৪ সালে। ১৯৫২ সালে তিনি মেহেরপুর মডেল ইংরেজি উচ্চ বিদ্যালয়ের দশম শ্রেণির ছাত্র ছিলেন। তিনি সহপাঠীদের নিয়ে মাতৃভাষা বাংলার দাবিতে ঢাকায় আন্দোলনরতদের প্রতি সর্মথন মিটিং মিছিলে অংশ নিয়েছিলেন।

মেপ্র/এমএফআর

মুজিবনগরে স্বরসতী খালে মাছের পোনা অবমুক্তকরন

“মাছ উৎপাদন বৃদ্ধি করি,সুখী সমৃদ্ধ দেশ গড়ি”প্রতিপাদ্য বিষয়কে সামনে রেখে মুজিবনগরে জাতীয় মৎস্য সপ্তাহ উপলক্ষে ২য় দিনের কর্মসূচি হিসাবে মুজিবনগর উপজেলার পিকনিক কর্নার স্বরসতী খালো রুই মাছের পোনা অবমুক্তকরন করা হয়েছে।

বুধবার সকালে উপজেলা চেয়ারম্যান জিয়াউদ্দীন বিশ্বাস ও মুজিবনগর উপজেলা নির্বাহী অফিসার উপস্থিত থেকে এ সকল মাছের পোনা অবমুক্ত করা হয়।

অবমুক্তকরনের সময় সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা শহিদুল ইসলাম উপস্থিত ছিলেন।

এ সময় বিভিন্ন জায়গায় মোট ১ শত কেজি রুই মাছের পোনা অবমুক্ত করা হয়।

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

জেলা প্রশাসক ড. মোহাম্মদ মুনসুর আলম খান থানা ঘাট সংলগ্ন ভৈরব নদে ২০ কেজি মাছের পোনা অবমুক্ত করেন।

এসময় তিনি বলেন মেহেরপুর জেলার একমাত্র প্রাণকেন্দ্র ভৈরব নদী যেখানে বিভিন্ন ধরনের ছোট বড় মাছ পাওয়া যায়। এই নদীকে কেন্দ্র করে অনেকের সংসার চালে। তাই জাতীয় মৎস্য সপ্তাহ উপলক্ষে ভৈরব নদীতে মাছের পোনা অবমুক্ত করণ করা হয়।

উপস্থিত ছিলেন অতিরিক্ত মেহেরপুর জেলা প্রশাসক মোঃ আবু সাঈদ, সদর উপজেলা নির্বাহী কর্মকর্তা মাসুদুল আলম, জেলা মৎস্য কর্মকর্তা সাইফুদ্দিন ইয়াহিয়া, সহকারী মৎস্য কর্মকর্তা জাকির হোসেন খান,শহিদ সাদিক হোসেন বাবুল প্রমুখ।

মেপ্র/এমএফআর

বৃহস্পতিবার থেকে আবারও লকডউন পশ্চিমবঙ্গে

বৃহস্পতিবার থেকে আবারও লকডউন পশ্চিমবঙ্গে
লকডাউন শিথিল করায় ভারতে বুলেটের গতিতে ছড়িয়ে পড়ছে করোনাভাইরাস।

করোনার এই বিস্তার ঠেকাতে আবারও লকডাউনে যাচ্ছে দেশটির বিভিন্ন রাজ্য। এর মধ্যে পশ্চিমবঙ্গে সপ্তাহে দুদিন লকডউন কার্যকরের সিদ্ধান্ত হয়েছে। খবর আনন্দবাজারের।

মঙ্গলবার সেই লকডাউনের সরকারি নির্দেশিকা প্রকাশ করেছে রাজ্যের কর্তৃপক্ষ। কার্যত পুরনো রূপেই ফিরল নতুন পর্বের লকডাউনের নিয়ন্ত্রণবিধি।

সপ্তাহে দুদিন করে লকডাউন ঘোষণা করেছে রাজ্যসরকার। গত মার্চে লকডাউনের শুরুতে যেমন নিয়ন্ত্রণবিধি কার্যকর হয়েছিল, এই পর্বে গতিবিধিতে তেমন কড়াকড়ি ফিরিয়ে আনল রাজ্য।

নির্দেশিকায় জানানো হয়েছে, গত ৯ জুলাই থেকে শুরু হওয়া বৃহত্তর

কন্টেনমেন্টভিত্তিক লকডাউন যেমন চলছিল, তেমনই চলবে ৩১ জুলাই পর্যন্ত।

১৫ জুলাই থেকে শহরভিত্তিক লকডাউন পদ্ধতিও চালু থাকবে। এর সমান্তরালে সপ্তাহে দুদিন করে গোটা রাজ্যে সার্বিক লকডাউন কার্যকর হচ্ছে।

আগামীকাল বৃহস্পতি ও শনিবার সার্বিক লকডাউন হবে। লকডাউনের দিন ভোর ৬টা থেকে রাত ১০টা পর্যন্ত পূর্ণ নিয়ন্ত্রণ ব্যবস্থা কার্যকর থাকবে।

তা ছাড়া প্রতিদিন রাত ১০টা থেকে ভোর ৫টা পর্যন্ত জরুরি প্রয়োজন ছাড়া যে নিয়ন্ত্রণ ছিল, তা বহাল থাকবে।

প্রসঙ্গত লখনৌসহ গোটা উত্তরপ্রদেশে সপ্তাহে দুদিন করে লকডাউন হচ্ছে। জম্মুতেও সম্প্রতি তা শুরু হয়েছে। বেঙ্গালুরুতে বুধবার পর্যন্ত চলছে সাত দিনের লকডাউন।

রাজ্যজুড়ে লকডাউনের দিনগুলোতে সরকারি ও বেসরকারি অফিস বন্ধ থাকবে। এমনকি বাণিজ্যিক প্রতিষ্ঠান, সরকারি-বেসরকারি পরিবহনও চলবে না।

তবে স্বাস্থ্যকর্মী, ওষুধের দোকান, আইনশৃঙ্খলা, সংশোধনাগার, দমকল, বিদ্যুৎ, আন্তঃরাজ্য ও আন্তঃরাজ্য পণ্য পরিসেবা, সংবাদমাধ্যম, রান্না করা খাবারের হোম ডেলিভারির ক্ষেত্রে ছাড় দেয়া হয়েছে।

পাশাপাশি ছাড় দেয়া হয়েছে শিল্প উৎপাদন প্রক্রিয়ায়। যেসব কারখানায় শ্রমিকরা থেকে কাজ করতে পারেন, সেগুলোকেও নিয়ন্ত্রণের আওতায় রাখা হয়নি।

চা বাগানের কাজও নিয়ন্ত্রণের বাইরে রয়েছে। সামগ্রিকভাবে বাজার এলাকাগুলো, যেখানে জনসমাগম বেশি- সেগুলো বন্ধ থাকবে লকডাউনের দিনগুলোতে।

মেহেরপুরের গ্রামঞ্চলে বাল্যবিয়ের ধুম

করোনাকালে মেহেরপুরে বেড়েছে বাল্য বিয়ে। দীর্ঘদিন শিক্ষা প্রতিষ্ঠান বন্ধ থাকায় এমনটি হচ্ছে বলে মনে করছে অনেকেই। গত ১৭ মার্চ থেকে করোনা প্রাদুর্ভাবের কারণে দেশের সকল শিক্ষা প্রতিষ্ঠান বন্ধ ঘোষণা করে শিক্ষা মন্ত্রণালয়। শিক্ষা প্রতিষ্ঠান বন্ধের ঘোষণা আগামী ৬ আগষ্ট পর্যন্ত আছে। তবে এই ছুটির পরিমাণ আরও বাড়তে পারে বলে জানা গেছে। করোনাভাইরাসের বিস্তারের এ সময় বাল্যবিবাহের সংখ্যা আগের চেয়ে বেড়ে গেছে কয়েকগুন।

দীর্ঘদিন ধরে শিক্ষাপ্রতিষ্ঠান বন্ধ থাকায় গ্রামীণ পরিবারগুলোতে একধরনের অনিশ্চয়তা তৈরি হচ্ছে। বিভিন্ন দেশে কর্মরত অভিবাসী শ্রমিকসহ বিভিন্ন পেশার প্রতিনিধিরা এ সময়টায় দেশে ফিরেছেন। সমাজ বাস্তবতায় প্রবাসে কাজ করা ছেলের ‘পাত্র’ হিসেবে চাহিদা বেশি। আর এই অবরুদ্ধ অবস্থায় বিয়ে দিয়ে ফেলার চেষ্টা করছেন অভিভাবকেরা। অন্যদিকে আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর নজরদারি এখন কম হচ্ছে। সেই সুযোগও কাজে লাগাচ্ছে কেউ কেউ।

সমাজের দরিদ্র অনেক অভিভাবকই এ সময় মেয়ের বিয়ে দিতে চাচ্ছেন। এ সময়টায় মানুষের চলাফেরা কমে গেছে। তাই খুব বেশি মানুষকে আপ্যায়ন করতে হচ্ছে না। এতে তাদের খরচও কমে যাচ্ছে। সম্প্রতি মেহেরপুর, গাংনী, মুজিবনগরে প্রশাসনের অভিযানে বাল্য বিয়ে বন্ধ হলেও রাতের আধাঁরে বিয়ে হচ্ছে অনেক।

মেহেরপুর জেলায় মাধ্যমিক, মাদ্রাসা ও কারিগরি মিলে মোট ১৭৪টি শিক্ষা প্রতিষ্ঠান আছে। তিন উপজেলায় মাধ্যমিক ও মাদ্রাসা মিলে ২৭টি মেয়েদের জন্য শিক্ষা প্রতিষ্ঠান আছে। অনুসন্ধানে দেখা গেছে ৮ম-১০ম শ্রেনির মধ্যে মেয়ে শিক্ষার্থীদের শতকরা ২০ ভাগ মেয়েদের বিয়ে হয়েছে। এই বিয়ের বেশির ভাগই হয়েছে করোনাকালিন শিক্ষা প্রতিষ্ঠান বন্ধ থাকার সময়ে। এছাড়াও কোন কোন প্রতিষ্ঠানে ৬ষ্ঠ-৭ম শ্রেনির মেয়েরও বিয়ে হয়েছে। এমন অবস্থায় ছাত্রী সংকটে পড়ার আশঙ্কা করছে শিক্ষা প্রতিষ্ঠান গুলো।

গাংনী উপজেলার বামন্দী মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক

মোহাম্মদ আব্দুর রহিম খান বলেন, স্কুল বন্ধ খাকার কারণে আমি তদারকি করতে পারিনি। মাঝে মধ্যে অভিভাবকদের সাথে ফোনে যোগাযোগ রাখার চেষ্ট করেছি। কিন্তু করোনা পূর্ব সময়ে আমি অভিভাবক এবং শিক্ষার্থীদের সাথে বাল্য বিয়ে বন্ধ করার জন্য সভাসমাবেশ করেছি। কিন্তু দীর্ঘদিন বন্ধ থাকার কারণে আমাদের অজান্তেই অনেক শিক্ষার্থাদের বিয়ে হয়ে যাচ্ছে।

মুজিবনগর উপজেলার গোপালনগর বালিকা বিদ্যালয়ের প্রধান শিক্ষক জাহিরুল ইসলাম বলেন, আমি বিগত সময়ে বেশ কয়েকটা বাল্য বিয়ে বন্ধ করেছি। স্কুল বন্ধ থাকায় শিক্ষার্থীদের বিষয়ে তেমন খোঁজ নিতে পারছিনা। তবে ছুটির মধ্যেই স্টুডেন্ট প্রতিনিধিদের সাথে নিয়ে বাল্য বিয়ে প্রতিরোধে কাজ করবো।

মেহেরপুর সদরের শোলমারী মাধ্যমিক বালিকা বিদ্যালয়ের প্রধান শিক্ষক মাহাবুব রহমান বলেন, করোনার প্রাদুর্ভাবে দীর্ঘদিন প্রতিষ্ঠান বন্ধ থাকার ফলে অবিভাবকের মনে এক প্রকার অনিশ্চয়তা তৈরি হয়েছে। গ্রামীন পরিবেশে এক্ষেত্রে প্রভাব খুব বেশি পড়েছে। রাতের আঁধারেই সল্প পরিসরে কোথাও কোথাও বিয়ের খবর পাচ্ছি। তবে বিয়ে হয়ে যাওয়ার পর বিভিন্ন মাধ্যমে শোনা যাচ্ছে। এক্ষেত্রে বাল্য বিয়ে বন্ধের সকল চেষ্ট ব্যর্থ হয়ে যাচ্ছে।

জেলা শিক্ষা অফিসার মাহফুজুল হোসেন বলেন, আমি সবে মাত্র যোগদান করেছি। বাল্য বিয়ের বিষয়টি আমি আপনার মাধ্যমে শুনলাম। খোঁজ নিয়ে প্রতিরোধের ব্যবস্থা করার চেষ্টা করবো।

জেলা প্রশাসক ড. মোহাম্মদ মুনসুর আলম খান বলেন, আমার কাছে ইতোমধ্যে যেসব বাল্য বিয়ের অভিযোগ এসেছে সেগুলো বন্ধ করেছি। তারপরও লকডাউনের প্রভাবে অর্থনৈতিক মন্দার প্রভাব পড়েছে গ্রামীন অর্থনীতিতে। সেক্ষেত্রে বাল্য বিয়ের একটা প্রবণতা তেরি হচ্ছে। আমরা বাল্য বিয়ে বন্ধ করার বিষয়ে কাজ করে চলেছি।

আলমডাঙ্গায় আরও একজনের করোনা উপসর্গ নিয়ে মৃত্যু

আলমডাঙ্গায় আরও একজন করোনা উপসর্গ নিয়ে মারা গেছেন। মঙ্গলবার (২১ জুলাই) বিকেলে চুয়াডাঙ্গা সদর হাসপাতালের করোনা ইউনিটে চিকিৎসাধীন অবস্থায় তিনি মাার যান।

নিহত গৌরচন্দ্র বিশ্বাস আলমডাঙ্গার রথতলার যতিশচন্দ্র বিশ্বসের চিরকুমার ছেলে। মৃত্যুকালে তার বয়স হয়েছিল ৭৫ বছর।

জানা গেছে, গত কয়েকদিন ধরে তিনি জ্বর,সর্দ্দি-কাশিতে ভুগছিলেন। সোমবারে তার অবস্থা খারাপের দিকে গেলে তাকে চুয়াডাঙ্গা সদর হাসপাতালের করোনা ইউনিটে ভর্তি করা হয়। নমুনাও নেওয়া হয়। তবে করোনা রেজাল্ট পাওয়ার আগেই মঙ্গলবার বিকেলে তিনি শেষ নিঃশ্বাস ত্যাগ করেন।

থানার ওসি (তদন্ত) মাসুদুর রহমান জানান, আজ রাত ৯ টার দিকে আলমডাঙ্গার মহাশ্মশানে প্রশাসনের উপস্থিতিতে সরকারী নিয়মানুযায়ী তার শেষকৃত্ব অনুষ্ঠিত হবে।